অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/5/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বর্তমান মজুরির ব্যবস্থাকে সমর্থন করার সাথে শক্তির দক্ষতা, গ্রাহকের সঞ্চয় এবং গ্রীনহাউস গ্যাস নির্গমন হ্রাস উদ্দীপিত করার জন্য আইনী প্যাকেজে স্বাক্ষর করেছেন

আইন A.10439/S.9405 নিউ ইয়র্কের বিল্ডিং কোড এবং অ্যাপ্লায়েন্স স্ট্যান্ডার্ডকে শক্তিশালী করে

আইন A.10493/S.9422 কমিউনিটি হিটিং এবং কুলিং নেটওয়ার্ককে প্রসারিত করবে

আইন A.9598/S.8648 পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রকল্পের জন্য প্রচলিত মজুরির আবশ্যকতা এক মেগাওয়াট এবং তার চেয়ে বড় প্রকল্পের জন্য প্রসারিত করে

2050 সালের মধ্যে গ্রীনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমানো এবং নিউ ইয়র্কের কর্মীদের জন্য একটি ন্যায়পুর্ন এবং সমতাপূর্ণ রূপান্তর সহ, জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনে থাকা নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃত্বকারী লক্ষ্যগুলিকে অর্জনের ক্ষেত্রে সহায়তা করে

গভর্নর ক্যাথি হোকল আজ তিনটি বিলের একটি আইনী প্যাকেজ স্বাক্ষর করেছেন যা গ্রীনহাউস গ্যাস নির্গমন হ্রাস করার সাথে পরিচ্ছন্ন শক্তির উন্নয়ন এবং শক্তির দক্ষতার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে শক্তিশালী করবে। রাজ্য সিনেটর কেভিন পার্কার, রাজ্য সিনেটর জেসিকা রামোস, সংসদ সদস্য প্যাট ফাহি, সংসদ সদস্য লাতোয়া জোয়নার এবং প্রধান শ্রমিক নেতাগণ ও জলবায়ু বিষয় সংক্রান্ত প্রচারকদের সাথে ব্রুকলিনের নিউল্যাব (Newlab) সদর দফতরে গভর্নর বিলে স্বাক্ষর করেন। এই তিনটি নতুন আইন 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ হ্রাস করার জন্য জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে সমর্থন করে এবং নিউ ইয়র্কের কর্মী এবং সম্প্রদায়ের জন্য একটি ন্যায্য এবং ন্যায়সঙ্গত রূপান্তর নিশ্চিত করে।

"জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলি সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে অনুভূত হয়েছে, এবং তার প্রতিক্রিয়া হিসাবে আমরা সাহসী পদক্ষেপ নিচ্ছি এবং একটি শক্তিশালী, আরও স্থিতিস্থাপক নিউ ইয়র্ক গড়ে তুলছি স্বাস্থ্যকর, পরিবেশ অনুকূল থাকার এবং কাজ করার জায়গার গ্যারান্টি দিয়ে," **গভর্নর হোকল বলেন।** "এখন আগের চেয়ে অনেক বেশি, একটি সাশ্রয়ী পরিবেশ অনুকূল

রূপান্তরের গুরুত্ব স্পষ্ট, এবং বিল্ডিং কোড এবং যন্ত্রপাতির মানকে শক্তিশালী করা কার্বন নির্গমন হ্রাস করবে এবং দক্ষতা বৃদ্ধি করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের বহু বিলিয়ন ডলার সাশ্রয় করবে। এই বহুমুখী আইনী প্যাকেজটি কেবল নোংরা জীবাশ্ম জ্বালানী পরিকাঠামোই প্রতিস্থাপন করবে না, এটি নিউ ইয়র্ককে জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ এবং পরিবেশ অনুকূল কাজের ক্ষেত্রে জাতীয় নেতা হিসাবে প্রতিষ্ঠিত করবে।"

অ্যাডভান্সড বিল্ডিং কোডস, অ্যাপ্লায়েন্স এবং ইকুইপমেন্ট এফিসিয়েন্সি স্ট্যান্ডার্ডস অ্যাক্ট অফ 2022 (Advanced Building Codes, Appliance and Equipment Efficiency Standards Act of 2022) নিউ ইয়র্কের নিয়ন্ত্রক এবং নীতির পরিবেশকে শক্তিশালী করে যাতে ভবনগুলির শক্তির দক্ষতা এবং গ্রিনহাউস গ্যাস হ্রাস করার কৌশলগুলিকে সহায়তা করে সম্প্রসারিত যন্ত্রপাতির মানগুলির সাথে। ইউটিলিটি থার্মাল এনার্জি নেটওয়ার্ক অ্যান্ড জবস অ্যাক্ট (Utility Thermal Energy Network and Jobs Act) পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission, PSC) জন্য ইউটিলিটি থার্মাল এনার্জি নেটওয়ার্কগুলির জন্য একটি নিয়ন্ত্রক কাঠামো তৈরি করা আবশ্যক করে - জেলা জিওথার্মাল এবং অন্যান্য কমিউনিটি-স্কেল তাপীয় পরিকাঠামো প্রকল্পগুলি সহ - ঘর গরম এবং শীতল করার জন্য, এবং ইউটিলিটিগুলিকে তাদের পরিষেবার অঞ্চলগুলিতে পাইলট প্রকল্প চালু করার জন্য নির্দেশিত করতে। গভর্নর এক মেগাওয়াট বা তার চেয়ে বড় নবায়নযোগ্য জ্বালানির প্রকল্পগুলি, যার সাথে একটি সরকারি সত্ত্বার থেকে পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্রেডিট সংগ্রহ জড়িত, তার জন্য প্রচলিত মজুরি আবশ্যক করে এমন আইনেও স্বাক্ষর করেছেন। এক সাথে, বিদ্যমান পাইপ শ্রমিক এবং অন্যান্য দক্ষ ব্যবসার জন্য কমিউনিটি থার্মাল সিস্টেমের শক্তিশালী অঙ্গিকার, দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে ত্বরান্বিত পদক্ষেপ, এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়নের জন্য মজুরির মানকে শক্তিশালী করা, এই আইনী ব্যবস্থাগুলি নিউ ইয়র্কবাসীদের জন্য পরিচ্ছন্ন শক্তিতে মানসম্পন্ন কর্মসংস্থান তৈরির এবং একটি ন্যায্য রূপান্তরের জন্য পরিকল্পনা করার জন্য রাজ্যের অঙ্গিকারবদ্ধতা প্রদর্শন করে।

পরিচ্ছন্ন তাপীয় এবং শিতলীকরণ সমাধানে বিনিয়োগের মাধ্যমে নিউ ইয়র্কের ভবনের খাতকে সবুজ করা, গ্রীনহাউস গ্যাস নির্গমন কমানোর সর্বশ্রেষ্ঠ সম্ভাবনা পেশ করে, একটি অনন্য কর্মশক্তি বিকাশের সুযোগ উপলবদ্ধ করার সাথে। এই বছরের শুরুতে, জলবায়ু অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) জাস্ট ট্রানজিশন ওয়ার্কিং গ্রুপ (Just Transition Working Group) একটি চাকরির অধ্যয়ন জারি করেছে যা নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তরের অংশ হিসাবে কতগুলি চাকরি তৈরি হবে তার বিশদ তথ্য প্রদান করে, এবং দেখে যে 2019 থেকে 2030 সাল পর্যন্ত ক্রমবর্ধমান পরিচ্ছন্ন শক্তির উপ-খাতে যোগ করা সমস্ত চাকরির অর্ধেকেরও বেশি ভবনের খাতে তৈরি হবে। সমীক্ষাটি অনুমান করে যে ভবনের খাতে সামগ্রিক কর্মসংস্থান 2040 সালের মধ্যে আনুমানিক 366,000 অবধি বৃদ্ধি পাবে, যা 200,000 টিরও বেশি নতুন কর্মসংস্থান যোগ করার মাধ্যমে 2019 এর কর্মীবাহিনীকে দ্বিগুণেরও বেশি করবে। আজ স্বাক্ষরিত আইনী প্যাকেজটি হল ভবনের খাতে ডিকার্বনাইজেশনকে স্কেলে চালিত করার জন্য এবং কাছাকাছি, মাঝারি এবং দীর্ঘমেয়াদী চাকরি বৃদ্ধির জন্য এই উল্লেখযোগ্য সুযোগগুলি উপলবদ্ধ করার জন্য প্রয়োজনীয় নীতি এবং প্রোগ্রামগুলির একটি সামগ্রিক স্যুটের একটি অংশ।

2022 সালের উন্নত বিল্ডিং কোড, অ্যাপ্লায়েন্স এবং সরঞ্জামের দক্ষতার মানের আইন

আইন A.10439/S.9405 নিউ ইয়র্ক স্টেট এনার্জি কনজারভেশন কনস্ট্রাকশন কোড (New York State Energy Conservation Construction Code) আপডেট করা আবশ্যক করে যাতে জলবায়ু আইনের সমর্থনে শক্তি দক্ষতা এবং গ্রীনহাউস গ্যাস নির্গমনের হ্রাস অর্জন করা যায়। উন্নত শক্তির কোডগুলি চলমান শক্তির বিল কমাতে পারে, যা 2030 সালের মধ্যে ভবনের মালিকদের জন্য প্রায় 4 বিলিয়ন ডলারের শক্তি সঞ্চয় করতে পারে, সাম্প্রতিক মুদ্রাস্ফীতি এবং শক্তির ব্যয় বৃদ্ধির প্রবণতাকে হিসেবে নিলে আরও বেশি সঞ্চয়ের সম্ভাবনা সহ।

অতিরিক্তভাবে, এই আইন নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA), ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) সাথে পরামর্শের মাধ্যমে, যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলির জন্য এমন দক্ষতার মান গ্রহণ করা অনুমোদন করে যা শক্তির ব্যবহার হ্রাস করে। অ্যাপ্লায়েন্সের মান সম্প্রসারণ করলে নির্গমন হ্রাস পাবে এবং 2035 সালের মধ্যে নিউ ইয়র্কবাসীদের জন্য 15 বিলিয়ন ডলারের সঞ্চয় প্রদান করবে, যার মধ্যে 6 বিলিয়ন ডলার নিম্ন- এবং মাঝারি আয়ের পরিবারের জন্য হবে, কম দক্ষ দৈনন্দিন পণ্য এবং যন্ত্রপাতি ব্যবহার থেকে অপচয় হওয়া শক্তি হ্রাস করে।

আইনটি গভর্নরকে NYSERDA এর সভাপতি এবং পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনারকে স্টেট ফায়ার প্রিভেনশন অ্যান্ড বিল্ডিং কোড কাউন্সিলের (State Fire Prevention and Building Code Council) (কোডস কাউন্সিল) সদস্য হিসাবে মনোনীত করার জন্য, জলবায়ু অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) কাজ কোড কাউন্সিলের সাথে সুবিন্যস্ত করার জন্য অনুমোদিত করে বিল্ডিং এনার্জি কোডে অগ্রগতির মাধ্যমে জলবায়ু আইনের লক্ষ্য অর্জন করার জন্য।

রাজ্যের সিনেটর কেভিন পার্কার বলেছেন, "আমাদের মহান রাজ্যের আমাদের CLCPA লক্ষ্যে পৌঁছানোর জন্য এটি উপরের সবগুলি পদ্ধতি গ্রহণ করবে। আমার যে দুটি বিল গভর্নর স্বাক্ষর করে আইনে পরিণত করেছেন, সেগুলি সেই লক্ষ্যগুলি অর্জন করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ। নিউ ইয়র্ক রাজ্যের ভবনগুলি হল শক্তির একক বৃহত্তম ব্যবহারকারী এবং গ্রিনহাউস গ্যাসের এবং অন্যান্য জলবায়ু নির্গমনের বৃহত্তম উৎস, গরম করার জন্য জীবাশ্ম জ্বালানীর দহন, ঘরোয়া গরম জল, এবং রান্না করার কারণে। এই গুরুত্বপূর্ণ লেজিসলেশন আইনে স্বাক্ষর করার জন্য আপনাকে ধন্যবাদ গভর্নর হোকল।" পরিশেষে, এই আইনটি স্থানীয়, ইউনিয়নের কাজ এবং ইউটিলিটিগুলির সস্তা মূলধনের কারণে সাশ্রয়ী মূল্যে বিল্ডিং এবং আশেপাশের এলাকাগুলিকে ডিকার্বনাইজ করার প্রচেষ্টাকে বাঁধতে সাহায্য করে, যা সবই জনসাধারণের স্বার্থে।"

সংসদ সদস্য প্যাট্রিসিয়া ফাহি বলেছেন, "শক্তি এবং জলের ব্যবহার কমানো এখন আর কোনো যদির বিষয় নয় - বরং জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য এটি অপরিহার্য। অ্যাডভান্সড বিল্ডিং কোডস অ্যাক্ট (Advanced Building Codes Act) নিউ ইয়র্ক ইউটিলিটির খরচ প্রদানকারীদের 2035 সালের মধ্যে 15 বিলিয়ন ডলার পর্যন্ত সাশ্রয় করবে নিউ ইয়র্কের শক্তির ব্যবহার হ্রাস করার সাথে এবং ফলস্বরূপ, আমাদের উচ্চাকাঙ্খী জলবায়ু ম্যান্ডেট পূরণ

করতে সাহায্য করবে। কেবল যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলির দক্ষতা এবং শক্তির মান বৃদ্ধি করে, এবং নিউ ইয়র্কের রাজ্যের শক্তি সংরক্ষণ নির্মাণ কোডে CLCPA এর অধীনে নির্ধারিত রাজ্যের জলবায়ু আদেশগুলি যোগ করে, আমরা আমাদের কার্বন নির্গমনের বৃহত্তম উৎসগুলির একটির মোকাবেলা চালিয়ে যাচ্ছি: যা হল বিল্ডিং স্টক। এই আইনটি পাস করার অর্থ হল আমরা আমাদের সামগ্রিক শক্তি দক্ষতার উন্নতি করার সাথে সাথে নিউ ইয়র্কবাসীদের অর্থ সঞ্চয় করছি এবং আমাদের জলবায়ু আদেশগুলি পূরণ করার জন্য আমাদের একটি পথে নিয়ে যাচ্ছি। আমি আজ এই বিলটি স্বাক্ষরিত হতে দেখে গর্বিত এবং গভর্নর ক্যাথি হোকল, সিনেটের পৃষ্ঠপোষক কেভিন পার্কার এবং পরিবেশগত প্রচারকদের ধন্যবাদ যারা এটি পাস করার জন্য কাজ করেছেন।"

ইউটিলিটি থার্মাল এনার্জি নেটওয়ার্ক এবং চাকরির আইন (Utility Thermal Energy Network and Jobs Act)

আইন A.10493/S.9422 ইউটিলিটিগুলিকে PSC তত্ত্বাবধানে তাপ শক্তি নেটওয়ার্কগুলির মালিকানা, পরিচালনা এবং থার্মাল শক্তির নেটওয়ার্কগুলি পরিচালনা করার পাশাপাশি বিতরণকৃত তাপ শক্তি সরবরাহ করতে দেয়। হিটিং এবং কুলিং নেটওয়ার্ক - যা কমিউনিটি তাপ বা জেলা শক্তি সিস্টেম হিসাবেও অভিহিত করা হয় - একটি স্থিতিস্থাপক, শক্তি দক্ষ এবং পরিচ্ছন্ন সমাধান যা নিউ ইয়র্ক স্টেটকে তার উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্যগুলি পূরণ করতেও সাহায্য করতে পারে। বিদ্যমান বর্জ্য তাপের একাধিক উৎসের (যেমন জল, বর্জ্য জল এবং ভূ-তাপীয়, অন্যান্যগুলির মধ্যে) সুবিধা নিয়ে এবং একটি শেয়ার্ড লুপে বিল্ডিংয়ের বিভিন্ন ধরণ সংযুক্ত করে, তাপ শক্তি নেটওয়ার্কগুলি আরও ঐতিহ্যগত পদ্ধতির তুলনায় উল্লেখযোগ্য পরিচালন এবং শক্তির খরচ সাশ্রয় করতে পারে, বৈদ্যুতিক গ্রিডের উপর চাহিদার চাপ কমানোর সাথে।

এই আইনটি রাজ্য জুড়ে তাপীয় শক্তি নেটওয়ার্কগুলির উন্নয়নকে উন্নীত করবে, কমিউনিটি-স্কেল পরিকাঠামো সমাধানের মাধ্যমে গরম এবং শীতল করার জন্য জীবাশ্ম জ্বালানীর ব্যবহার কমিয়ে সুবিধা প্রদান করবে, এবং তার সাথে বিদ্যমান ইউটিলিটি কর্মীদের এবং নতুন কর্মীদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি করে। সক্রিয় আইনটি NYSERDA এর সক্রিয় অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলবে এবং তার কমিউনিটি থার্মাল প্রোগ্রাম এর পরিপূরক হবে, যা আজ পর্যন্ত রাজ্য জুড়ে তিন ডজনেরও বেশি সাইটে সম্ভাব্যতার অধ্যয়ন, বিশদ নকশার অধ্যয়ন, এবং অন্যান্য উন্নত প্রকল্প নির্মাণ প্রণোদনার জন্য অর্থায়ন করেছে।

সংসদ সদস্য লাতোয়া জয়নার বলেন, "আজ আমরা জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এবং সবুজ কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছি যা ভবিষ্যতে নিউ ইয়র্কবাসীদের প্রজন্মকে উপকৃত করবে। জলবায়ু পরিবর্তন আমাদের রাজ্য জুড়ে সম্প্রদায়গুলিকে বিধ্বস্ত করে দেওয়ার সময় আমরা আর অলসভাবে দাঁড়িয়ে থাকতে পারি না এবং আমি দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য এবং সবার জন্য একটি পরিচ্ছন্ন, সবুজ নিউ ইয়র্ক তৈরি করার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

এক মেগাওয়াট এবং তার চেয়ে বড় নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য প্রচলিত মজুরি

আইন A.9598/S.8648 এক মেগাওয়াট বা তার চেয়ে বড় নবায়নযোগ্য জ্বালানির প্রকল্পগুলির জন্য যার সাথে একটি সরকারি সত্তার থেকে নবায়নযোগ্য শক্তির ক্রেডিট সংগ্রহ জড়িত, সেগুলির ক্ষেত্রে প্রচলিত মজুরি আবশ্যক করে, যা চূড়ান্তভাবে 2030 সালের মধ্যে দশ গিগাওয়াট সৌর শক্তি বিতরণের জন্য গভর্নরের নতুন লক্ষ্যকে সমর্থন করে, যা বার্ষিকভাবে প্রায় 700,000 গড় আকারের গৃহকে শক্তি প্রদান করার জন্য যথেষ্ট। নিউ ইয়র্কের দশ গিগাওয়াটের রোডম্যাপ, যা এপ্রিল মাসে PSC-র দ্বারা অনুমোদিত হয়, তা রাজ্যের সফল NY-সান (NY-Sun) উদ্যোগকে দেশে তার ধরণের বৃহত্তম বিতরণকৃত সৌর প্রোগ্রামগুলির মধ্যে একটিতে বিস্তৃত করার জন্য একটি ব্যাপক কৌশল প্রদান করে। 2020-এর দশকের মাঝামাঝি থেকে শেষ পর্যন্ত মোট 5.9 বিলিয়ন ডলারের প্রত্যাশিত বিনিয়োগের জন্য সরকারী বিনিয়োগের দশ গিগাওয়াট সৌর শক্তি অর্জনের লক্ষ্য আনুমানিক 4.4 বিলিয়ন ডলারের বেসরকারি বিনিয়োগ উদ্দীপিত করবে প্রদত্ত প্রকল্পগুলিকে ফলপ্রসূ করতে। এক থেকে পাঁচ মেগাওয়াটের মধ্যে সৌর প্রকল্পগুলির জন্য প্রচলিত মজুরির আবশ্যকতা সহ রাজ্য জুড়ে 6,000টি অতিরিক্ত সৌর চাকরি তৈরি করা হবে।

সিনেট শ্রম কমিটির (Senate Labor Committee) চেয়ার স্টেট সিনেটর জেসিকা রামোস বলেছেন, "আমাদের রাজ্যের পুনর্নবীকরণযোগ্য শক্তিতে রূপান্তরের নেতৃত্বে বিদ্যমান মজুরি এবং সংগঠিত শ্রমকে রাখা নিউ ইয়র্ককে জলবায়ু সংকট মোকাবেলা করার জন্য আমাদের প্রচেষ্টার নেতৃত্ব দেওয়ার সাথে পরিবার-বজায় রাখার মত মজুরি প্রদান করে সম্প্রদায়গুলিকে উন্নীত করতে দেবে। আমি রোমাঞ্চিত যে আজ সংসদ সদস্য জয়নারের সাথে আমার বিল স্বাক্ষরিত হচ্ছে, এবং আশা করি এটি জলবায়ু অনুকূল ভবিষ্যত গড়ে তোলার অনেকগুলি পদক্ষেপের মধ্যে একটি হবে, শ্রমজীবী পরিবারগুলিকে অগ্রাধিকার দিয়ে।"

NYSERDA-র প্রেসিডেন্ট এবং সিইও ডোরিন এম হ্যারিস বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট সেক্টর এবং প্রযুক্তি জুড়ে জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করছে এবং আমরা আমাদের রাজ্য জুড়ে পরিবার-বজায় রাখার মত চাকরি তৈরি করার সাথে কার্বন নির্গমন কমানোর এবং শক্তির দক্ষতা বৃদ্ধির সমাধানের ক্ষেত্রে অগ্রভাগে আছি। এই ব্যবস্থাগুলি গ্রাহকদের জন্য উল্লেখযোগ্য শক্তির খরচের সাশ্রয় প্রদান করবে, তাদের কার্বন ফুটপ্রিন্ট নিয়ন্ত্রণের জন্য সমাধানগুলির আরও বেশি অ্যাক্সেস প্রদান করবে, ভবিষ্যতের কাজগুলি দায়িত্বের সাথে উন্নত করা নিশ্চিত করবে এবং অত্যন্ত দক্ষ, আধুনিক যন্ত্রপাতি এবং আরো বেশি পরিচ্ছন্ন গরম এবং শীতল করার সমাধান সহ আরও টেকসই সম্প্রদায় গড়ে তুলতে সহায়তা করে সমস্ত নিউ ইয়র্কবাসীকে উপকৃত করবে, বিশেষ করে নিম্ন থেকে মাঝারি আয়ের এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে যারা বাস করেন তাদের জন্য।"

সেক্রেটারি অফ স্টেট রবার্ট জে. রড্রিগেজ বলেছেন, "নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তন ক্রিয়া এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাসের ক্ষেত্রে দেশের শীর্ষস্থানীয় হয়ে রয়েছে। গভর্নর হোকলের স্বাক্ষরিত এই বহুমুখী নতুন আইনগুলি আমাদের রাজ্যকে পুরানো জ্বালানি পরিকাঠামো থেকে পরিচ্ছন্ন শক্তির একটি নতুন পথে নিয়ে যেতে সাহায্য করবে যা বসবাসকারীদের জন্য একটি পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তোলার ক্ষেত্রে একটি জাতীয় স্তরে অগ্রগামী অবস্থায় থাকার সাথে কর্মসংস্থান সৃষ্টি এবং সম্প্রদায়ের স্থায়িত্ব উভয়ের মাধ্যমে অর্থনীতিকে উন্নত করতে দেবে।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেছেন, "জলবায়ু পরিবর্তন মোকাবেলার ক্ষেত্রে নিউ ইয়র্কের দেশের-নেতৃত্বমূলক পদক্ষেপগুলিকে সমর্থন করার জন্য, আমাদের উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্যগুলি অর্জনের জন্য অর্থপূর্ণ আইন প্রয়োজন৷ এই তিনটি বিল জলবায়ু-পরিবর্তনকারী নির্গমন হ্রাস করবে, নবায়নযোগ্য শক্তির উৎপাদন বৃদ্ধি করবে এবং আমাদের রাজ্যের প্রতিটি কোণে পরিবেশগত স্থায়িত্ব যে একটি অগ্রাধিকার তা নিশ্চিত করবে। এই আইনে স্বাক্ষর করার মাধ্যমে গভর্নর হোকল আবারও একটি দৃঢ় বার্তা পাঠাচ্ছেন যে আমাদের লক্ষ্যে পৌঁছানোর জন্য আমাদের অবশ্যই গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং স্থিতিস্থাপকতা বাড়ানোর জন্য গুরুত্বপূর্ণ পরিবর্তন করতে হবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (New York State Department of Public Service) সিইও রবি এম ক্রিশ্চিয়ান বলেছেন, "জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট হুমকি মোকাবেলা করার ভিশন এবং ইচ্ছা থাকার জন্য আমি গভর্নর হোকল এবং আইনসভাকে অভিনন্দন জানাই। আজকে অনুমোদিত পদক্ষেপগুলি গ্রাহকদের জন্য শক্তির খরচ হ্রাস করবে এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে আমাদের প্রয়োজনীয় সরঞ্জামগুলি সরবরাহ করবে, তার সাথে নিউ ইয়র্ক স্টেটে চাকরির বৃদ্ধিতেও সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) কমিশনার রুথ অ্যান ভিসনাউসকাস বলেছেন, "আজকের নতুন আইনগুলি জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার এবং জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) অধীনে নিউ ইয়র্কের গ্রিনহাউস গ্যাস নির্গমন নাটকীয়ভাবে হ্রাস করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে তুলে ধরে৷ উচ্চ শক্তির দক্ষতা অর্জনের জন্য আমাদের রাজ্যের বিল্ডিং কোডগুলিকে শক্তিশালী করার মাধ্যমে, একটি গুরুত্বপূর্ণ সময়ে পরিবারগুলির জন্য খরচ হ্রাস পাবে এবং আমাদের সম্প্রদায়গুলি পরিচ্ছন্ন বাতাসের স্বাস্থ্যের সুবিধাগুলি উপভোগ করবে যখন আমরা বিদ্যমান গ্যাসের পরিকাঠামো প্রতিস্থাপন করব৷ এই উদ্যোগগুলি গভর্নর হোকলের 25 বিলিয়ন ডলারের হাউজিং প্ল্যানের পরিপূরক, যা নিউ ইয়র্কের সাশ্রয়ী মূল্যের, শক্তি-দক্ষ বাড়ির সরবরাহ 100,000 বাড়াবে এবং রাজ্য জুড়ে অতিরিক্ত 50,000 বাড়ির বিদ্যুতায়ন করবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবারের (New York State Department of Labor) কমিশনার রবার্টা রেয়ার্ডন বলেছেন, "এটি আমাদের পরিবেশের জন্য, আমাদের বিস্তৃত সবুজ অর্থনীতির জন্য এবং সব চেয়ে গুরুত্বপূর্ণভাবে নিউ ইয়র্ক রাজ্যের কর্মীদের জন্য একটি জয়৷ জাস্ট ট্রানজিশন ওয়ার্কিং গ্রুপের (Just Transition Working Group) সহ-সভাপতি হিসাবে, আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই যে এই কর্মীরা ন্যায্য মজুরি পাবে তা নিশ্চিত করার জন্য, আমাদের মহান রাজ্যের জন্য একটি ন্যায়সঙ্গত, পরিবেশ-বান্ধব ভবিষ্যতের প্রতি তার প্রতিশ্রুতিকে সম্মান করে।"

গ্রেটার নিউ ইয়র্কের বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades Council) প্রেসিডেন্ট গ্যারি লাবারবেরা বলেছেন, "আজকের

বিলের স্বাক্ষর আমাদের শক্তির দক্ষতার লক্ষ্যগুলি এগিয়ে নেওয়ার এবং সুবিধা সহ হাজার হাজার উচ্চ-মানের, মধ্যবিত্তের চাকরি তৈরি করার প্রচেষ্টায় রাষ্ট্রের একটি উল্লেখযোগ্য বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। আমরা গভর্নর হোকলকে সাধুবাদ জানাই এই প্রকল্পগুলিকে অগ্রসর করার উদ্দেশ্যে তার অটল অঙ্গিকারবদ্ধতার জন্য এবং নিশ্চিত করার জন্য যে জড়িত ব্যবসায়ী পুরুষ এবং মহিলারা সম্পূর্ণভাবে সমর্থন পান। এখন আগের চেয়ে অনেক বেশি, আমাদের প্রয়োজন এমন পরিচ্ছন্ন শক্তির প্রকল্প যা নিউ ইয়র্কের শ্রমজীবী জনগণের জন্য সুযোগ ও স্থিতিশীলতা তৈরি করে এবং আমাদের রাজ্যকে আধুনিক দক্ষতার মানদণ্ডে একটি নেতা হিসেবে তার অবস্থান অব্যাহত রাখে।"

নিউ ইয়র্ক স্টেটের AFL-CIO এর প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেছেন, "আজকের বিল স্বাক্ষরের সাথে, নিউ ইয়র্ক নির্গমন হ্রাসের ক্ষেত্রে দেশের বাকি অংশের জন্য মান নির্ধারণ করে চলেছে, জলবায়ু পরিবর্তন এবং তার কারণগুলির দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত কর্মী এবং সম্প্রদায়গুলির জন্য একটি ন্যায্য স্থানান্তর নিশ্চিত করার সাথে। আমরা গভর্নর হোকল, আইনসভার নেতাদের এবং বিলের স্পনসরদের তাদের নেতৃত্বের জন্য এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করা এবং ভালো ইউনিয়নের কাজগুলি বজায় রাখা এবং তৈরি করার কাজ এক সাথে চলে তা বোঝার জন্য ধন্যবাদ জানাই, যখন আমরা বর্তমান এবং ভবিষ্যতের কর্মীবাহিনীর জন্য সুরক্ষাসমূহ অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে চিন্তাশীল এবং ইচ্ছাকৃতভাবে কাজ করি।"

জুলি টাইগে, নিউ ইয়র্ক লিগ অফ কনজারভেশন ভোটারদের (New York League of Conservation Voters) সভাপতি বলেছেন, "আমরা গভর্নর ক্যাথি হোকলকে সাধুবাদ জানাই অ্যাডভান্সড বিল্ডিং কোড, অ্যাপ্লায়েন্স এবং ইকুইপমেন্ট এফিসিয়েন্সি স্ট্যান্ডার্ডস অ্যাক্ট 2022 এবং ইউটিলিটি থার্মাল এনার্জি নেটওয়ার্ক অ্যান্ড জবস অ্যাক্টে স্বাক্ষর করার জন্য, উভয়গুলিই আমাদের CLCPA লক্ষ্যে পৌঁছানোর জন্য নিউ ইয়র্কের জন্য অপরিহার্য অগ্রগতি। এই আইনটি আমাদের বাড়ি এবং বিল্ডিংগুলিকে গরম এবং শীতল করার জন্য নির্গমন-মুক্ত উপায় তৈরি করার উদ্দেশ্যে ইউটিলিটিগুলির জন্য পথ প্রশস্ত করার একটি উদ্ভাবনী পদ্ধতির সাথে আরও দক্ষ ভবন এবং যন্ত্রপাতি নিশ্চিত করবে, আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য প্রচুর খরচ এবং গ্রিনহাউস গ্যাসের সঞ্চয় প্রদান করছি। রাজ্যের নেতৃত্বাধীন জলবায়ু ক্রিয়া আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ, এবং আমরা গভর্নর হোকল, সেনেটর পার্কার, সংসদ সদস্য ফাহি এবং সংসদ সদস্য জোয়নার এবং আইনসভাকে এই ব্যবস্থাগুলিকে অগ্রসর করতে দেখে আনন্দিত।"

বিল্ডিং ডিকার্বনাইজেশন কোয়ালিশনের (Building Decarbonization Coalition) নিউ ইয়র্ক ডিরেক্টর লিসা ডিক্স বলেন, "আমরা এই অধিবেশনে দেশের নেতৃস্থানীয় বিল্ডিং ডিকার্বনাইজেশন আইন পাস করার জন্য নিউ ইয়র্ক স্টেট আইনসভাকে সাধুবাদ জানাই যা ভবনগুলি থেকে জলবায়ু নির্গমন হ্রাস করবে, ইউনিয়নের চাকরি তৈরি করবে এবং আমাদের বাড়ি, কর্মক্ষেত্র এবং সম্প্রদায়ের দূষণ উল্লেখযোগ্যভাবে হ্রাস করার পথে স্থাপন করবে; এবং আজ, আমরা সেগুলি আইনে স্বাক্ষর করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্ক আবার জাতীয়ভাবে সম্মুখভাগে রয়েছে এবং পরিষ্কার গরম এবং শীতল প্রযুক্তির জন্য একটি শক্তিশালী বাজার তৈরি করার, আমাদের গঠিত পরিবেশকে একটি স্কেল-ভিত্তিক ইউনিয়ন কর্মীবাহিনী

দিয়ে ডিকার্বনাইজ করার, এবং জলবায়ু পরিবর্তনের দ্বারা সব চেয়ে বেশি অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত আমাদের সম্প্রদায়গুলিতে সরাসরি বিনিয়োগ করার পথ প্রশস্ত করছে।"

অ্যান রেনল্ডস, অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্কের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক বলেছেন, "এই নতুন নীতিগুলি হল যা আমাদের ধীরে ধীরে আমাদের ভবনগুলিকে শূন্য-নির্গমনে রূপান্তর করার জন্য প্রয়োজন এবং আমাদের নতুন পুনর্নবীকরণযোগ্য শক্তির প্রকল্পগুলির বিকাশের ফলে নিউ ইয়র্কের কর্মীদের জন্য ভালো বেতনের চাকরি সৃষ্টি করবে তা নিশ্চিত করতে হবে। নিউ ইয়র্ক স্টেটকে আমাদের উচ্চাভিলাষী জলবায়ুর লক্ষ্যগুলি পূরণের পথে নিয়ে যেতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য আমরা আইনসভা এবং গভর্নরকে সাধুবাদ জানাই।"

জন জে. মারফি, ইউনাইটেড অ্যাসোসিয়েশন অফ জার্নিম্যান অ্যান্ড অ্যাপেরেন্টিসেস অফ দ্যা প্লাম্বিং অ্যান্ড পাইপফিটিং ইন্ডাস্ট্রি অফ দ্যা ইউনাইটেড স্টেটস অ্যান্ড ক্যানাডার (United Association of Journeymen & Apprentices of the Plumbing and Pipefitting Industry of the United States and Canada) আন্তর্জাতিক প্রতিনিধি বলেছেন, "একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের যাত্রার জন্য একটি 'উপরোক্ত সবগুলি কৌশল' এর প্রয়োজন। ইউটিলিটি থার্মাল এনার্জি নেটওয়ার্ক অ্যান্ড জবস অ্যাক্টের অবলম্বন ডিকার্বনাইজেশনের পথ তৈরি করার সময় করা হাজার হাজার মধ্যবিত্ত নিউ ইয়র্কবাসীদের জন্য একটি ন্যায্য রূপান্তর প্রদান করবে। আমরা কৃতজ্ঞ যে গভর্নর ক্যাথি হোকলের একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য শেয়ার করা ভিশন সিনেটর কেভিন পার্কার এবং অ্যাসেম্বলির সদস্যা লাতোয়া জয়নারের মাধ্যমে রাজ্যর আইনসভার দ্বারা উৎসাহের সাথে গৃহীত হয়েছে। গভর্নর হোকলের ক্রিয়াকলাপের সাথে অংশীদারিত্বে তাদের কঠোর পরিশ্রম নিউ ইয়র্ককে হাজার হাজার চাকরি সংরক্ষণ এবং তৈরি করতে, ইউটিলিটির বিলগুলি কমাতে এবং আগামী বছরগুলির জন্য তার পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সহায়তা করবে।"

উই অ্যাক্ট ফর এনভায়রনমেন্টাল জাস্টিসের (WE ACT for Environmental Justice) পলিসি ডিরেক্টর সোনাল জেসেল, MPH, বলেন, "আমরা নিউ ইয়র্ক স্টেটের গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাই অ্যাডভান্সড বিল্ডিং কোডগুলি, অ্যাপ্লায়েন্স অ্যান্ড ইকুইপমেন্ট এফিসিয়েন্সি স্ট্যান্ডার্ডস অ্যাক্টে স্বাক্ষর করার জন্য যা এই বছর নিউ ইয়র্ক রাজ্যের আইনসভা দ্বারা পাস করা হয়েছে। ভবন এবং যন্ত্রপাতিগুলির জন্য শক্তিশালী শক্তির দক্ষতার মান স্থাপন করে এই বিলটি রাজ্য জুড়ে ইউটিলিটির হার এবং গ্রিনহাউস গ্যাসের নির্গমন কমাতে সাহায্য করবে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ নিম্ন-আয়ের সম্প্রদায়গুলি এবং বর্ণের সম্প্রদায়গুলি জলবায়ু পরিবর্তনের দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয় যা গ্রিনহাউস গ্যাস দ্বারা ইন্ধন প্রাপ্ত হয় এবং এই একই সম্প্রদায়গুলি ইউটিলিটি বিলগুলিতে তাদের পরিবারের আয়ের অসম পরিমাণ ব্যয় করতে বাধ্য হয়।"

অ্যালাইন NY-এর (ALIGN NY) নির্বাহী পরিচালক মারিৎজা সিলভা-ফারেল বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট দেশের সব চেয়ে উচ্চাভিলাষী জলবায়ু আইন CLCPA (ক্লাইমেট লিডারশপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট) প্রয়োগ করার সময় আমাদের প্রয়োজন শ্রম এবং জলবায়ুর গোষ্ঠীগুলিকে একটি ন্যায্য পরিবর্তনের দিকে এক সাথে কাজ করা। ইউটিলিটি থার্মাল

এনার্জি নেটওয়ার্ক অ্যান্ড জবস অ্যাক্ট (S9422) হল সেই সম্মিলিত ক্রিয়া থেকে যা বেরিয়ে আসে তার একটি উদাহরণ। এটি আমাদের ভবনগুলিকে প্রয়োজনীয় স্কেলে কার্যকরভাবে ডিকার্বনাইজ করার এবং নিউ ইয়র্কের বৈদ্যুতিক এবং গ্যাসের ইউটিলিটিগুলিকে রূপান্তরিত করার একটি সুযোগ উপস্থাপন করে। এটি তাদের বর্তমান কর্মশক্তি বজায় রেখে নির্গমন-মুক্ত তাপ শক্তির নেটওয়ার্ক তৈরি করতে সক্ষম করে এবং জলবায়ু সঙ্কটের দ্বারা প্রথম এবং সব চেয়ে খারাপভাবে প্রভাবিত নিম্ন-আয়ের সম্প্রদায় এবং বর্ণের সম্প্রদায়ের জন্য মধ্যবিত্ত পেশার চাকরি তৈরি করে। আমরা এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই এবং নিউ ইয়র্কের জলবায়ু আইন, CLCPA-তে পরিবেশগত, ন্যায়পরায়ণতা এবং ন্যায্য রূপান্তরের ম্যান্ডেট প্রদানের জন্য এক সাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

অ্যালায়েন্স ফর এ গ্রিন ইকোনমির (Alliance for a Green Economy) নির্বাহী পরিচালক জেসিকা আজুলে বলেন, "আমরা রোমাঞ্চিত যে গভর্নর হোকল ইউটিলিটি থার্মাল এনার্জি নেটওয়ার্ক এবং জবস অ্যাক্টে স্বাক্ষর করেছেন, যা আমাদের সম্প্রদায়গুলিকে গরম এবং শীতল করার উপায়ের ক্ষেত্রে বিপ্লব ঘটাতে পারে। আমরা জলবায়ু সংকটের এই সমাধানটি বাস্তবায়নের জন্য প্রশাসন, শ্রমিক ইউনিয়ন, সম্প্রদায়ের সংস্থা এবং ইউটিলিটিগুলির সাথে একত্রে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি যা পুনর্নবীকরণযোগ্য গরম করার ব্যবস্থাকে আরও অ্যাক্সেসযোগ্য এবং সাশ্রয়ী করে এবং ভালো ইউনিয়নের চাকরি তৈরি করবে।

নিউল্যাবের সিইও শন স্টুয়ার্ট বলেছেন, "গভর্নর হোকল এবং আইনসভার এই গুরুত্বপূর্ণ আইন পাস এবং স্বাক্ষর করার জন্য প্রশংসা করা উচিত, যা আমাদের ভবনগুলিকে আরও দক্ষ করে তুলতে সাহায্য করবে, ইউটিলিটি প্রদানকারীদের জন্য খরচ কমাতে এবং নিউ ইয়র্ককে ডিকার্বনাইজেশনের জন্য এক পথে স্থাপন করবে। গভর্নরের সাহসী ভিশন অর্জনের জন্য আমাদের নতুন প্রযুক্তি এবং নতুন ধারণারও প্রয়োজন হবে। সৌভাগ্যজনকভাবে, নিউ ইয়র্ক দ্রুত অত্যন্ত উত্তেজনাপূর্ণ পরিচ্ছন্ন প্রযুক্তির স্টার্ট আপ এবং উদ্ভাবনের আবাসস্থল হয়ে উঠছে। সেই ক্রমবর্ধমান কার্বন প্রযুক্তির বাস্তুতন্ত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পেরে এবং আজকের স্বাক্ষর করার অনুষ্ঠানের আয়োজক হতে পেরে নিউল্যাব (Newlab) গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার,

সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418